

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.mopme.gov.bd

নম্বর-৩৮.০০.০০০০.০০১.১১.০০২.২২-৭৬৬

তারিখ: ১৭ ভাদ্র ১৪৩২
০১ সেপ্টেম্বর ২০২৫

প্রজ্ঞাপন

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৮/০৪/২০২৩ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২১.৯৭ নং প্রজ্ঞাপনে জারিকৃত “মন্ত্রণালয়/বিভাগ এবং এর অধীন সরকারি দপ্তর, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত, সংবিধিবদ্ধ সংস্থা এবং বিভিন্ন কর্পোরেশনের শূন্য পদে চলতি দায়িত্ব ও অতিরিক্ত দায়িত্ব প্রদান নীতিমালা, ২০২৩” অনুযায়ী জ্যেষ্ঠতার ক্রমানুযায়ী নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে নিম্নোক্ত শর্তে সুপারিনটেনডেন্ট (পিটিআই) পদে চলতি দায়িত্ব প্রদান করে তাদের নামের পাশে বর্ণিত কর্মস্থলে পদায়ন করা হলো:

ক্র: নং	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল	পদায়নকৃত পদ ও কর্মস্থল
১	জনাব মোঃ সেলিম সহকারী সুপারিনটেনডেন্ট, পিটিআই, চট্টগ্রাম [লিডারশীপ ট্রেনিং সেন্টার, কক্সবাজারে সংযুক্ত]	সুপারিনটেনডেন্ট (চলতি দায়িত্ব) পিটিআই, শরীয়তপুর
২	জনাব মোঃ আঃ আজিজ সহকারী সুপারিনটেনডেন্ট, পিটিআই, শেরপুর	সুপারিনটেনডেন্ট (চলতি দায়িত্ব) দাদনচক ফজলুল হক পিটিআই, শিবপুর, চাপাইনবাবগঞ্জ
৩	জনাব মোহাঃ তোজাম্মেল হক সহকারী সুপারিনটেনডেন্ট, পিটিআই, রাজশাহী	সুপারিনটেনডেন্ট (চলতি দায়িত্ব) পিটিআই, খুলনা
৪	জনাব এ. কে. এম নাজমুল হদা সহকারী সুপারিনটেনডেন্ট, পিটিআই, নেত্রকোণা	সুপারিনটেনডেন্ট (চলতি দায়িত্ব) পিটিআই, হবিগঞ্জ
৫	জনাব শ্যামল কৃষ্ণ বেপারী সহকারী সুপারিনটেনডেন্ট, পিটিআই, গোপালগঞ্জ	সুপারিনটেনডেন্ট (চলতি দায়িত্ব) পিটিআই, ফেনী
৬	জনাব মোঃ মোশারফ হোসেন সহকারী সুপারিনটেনডেন্ট, পিটিআই, সোনাতলা, বগুড়া	সুপারিনটেনডেন্ট (চলতি দায়িত্ব) পিটিআই, মাদারীপুর
৭	জনাব মাজহারুল ইসলাম খান সহকারী সুপারিনটেনডেন্ট, পিটিআই, জামালপুর	সুপারিনটেনডেন্ট (চলতি দায়িত্ব) পিটিআই, লক্ষীপুর

শর্তসমূহ:

- (ক) উক্ত চলতি দায়িত্ব প্রদানকে বদলি বা পদোন্নতি বা নবনিয়োগ হিসেবে গণ্য করা যাবে না। দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণ চলতি দায়িত্বের কারণে এরূপ কোন সুবিধা দাবি করতে পারবেন না;
- (খ) নিয়োগবিধি অনুসারে শূন্যপদ পূরণ করা হলে চলতি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ স্বপদে ফেরত যাবেন;
- (গ) চলতি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের পদোন্নতি না হওয়া পর্যন্ত মূল পদ/ফিডার পদ শূন্য ঘোষণা করা যাবে না;
- (ঘ) চলতি দায়িত্বপ্রাপ্ত উক্ত কর্মকর্তাগণ স্থায়ী পদধারীর মর্যাদা দাবি করতে পারবেন না;
- (ঙ) চলতি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ তাদের পদের সাথে “চলতি দায়িত্ব” শব্দদ্বয় যোগ করবেন;

০২। চলতি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ আদেশ জারির ০৭ (সাত) দিনের মধ্যে দায়িত্বপ্রাপ্ত পদে যোগদান করবেন। তৎপূর্বে পূর্ববর্তী পদের দায়িত্ব হস্তান্তর করবেন। কর্তৃপক্ষ পুনরায় আদেশ জারি না করলে এ দায়িত্বের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ০৬ (ছয়) মাস। বর্ণিত কর্মকর্তাগণ বিধি মোতাবেক দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,




মোঃ শামছুল আরিফ
উপসচিব

ফোন: ০২২২৩৩৫১৮০১

ই-মেইল: sasad1@mopme.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। উপদেষ্টার একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, বিভাগ।
- ৯। সুপারিনটেনডেন্ট (পিটিআই), পিটিআই।
- ১০। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, জেলা।
- ১১। জনাব।
- ১২। অফিস কপি।


মোঃ শামছুল আরিফ
উপসচিব